

# সমবায় সমিতির জন্য অনুসরণীয় জ্ঞাতব্যঃ

## করণীয় সমূহঃ

- ◆ সমবায় আইন, বিধি ও উপ-আইন মোতাবেক সমিতি পরিচালনা করা।
- ◆ সমবায় সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য সকল সদস্যকে অবহিত করা।
- ◆ সদস্যদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় ও শেয়ার একত্রীত করে মূলধন গঠন করা।
- ◆ ব্যবসায়িক ও উৎপাদনমুখী কার্যক্রম গ্রহণ করা।
- ◆ প্রতি মাসে কমপক্ষে একটি ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান করা।
- ◆ সম্মত বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠান করা।
- ◆ সমিতির যাবতীয় খাতাপত্র হালনাগাদ ও সঠিকভাবে সংরক্ষণ অডিটের জন্য উপস্থাপন করা।
- ◆ বার্ষিক অডিট শেষে অডিটে উদ্ভাপিত আপত্তির উপর সংশোধনী প্রতিবেদন দাখিল করা।
- ◆ অডিট অফিসারের সুপারিশের প্রেক্ষিতে সদস্যদের মধ্যে লভ্যাংশ বন্টন করা।
- ◆ ধার্যকৃত অডিট ফি ও সিডিএফ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করা।
- ◆ সমিতির যাবতীয় আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পাদন করা।

## বর্জনীয় সমূহঃ

- ◆ নিবন্ধন ছাড়া সমবায়ের নামে কোন আর্থিক লেনদেন করা যাবে না।
- ◆ বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতিরেকে ব্যাংকিং ব্যবসা পরিচালনা করা যাবে না।
- ◆ সমিতির সদস্য ছাড়া অন্য কারো কাছ থেকে আমানত গ্রহণ ও ঋণ প্রদান করা যাবে না।
- ◆ অতি মুনাফা/বেশি সুদের লোভ দেখিয়ে মেয়াদী আমানত গ্রহণ করা যাবে না।
- ◆ সমবায় সমিতির কার্যক্রম পরিচালনার জন্য কোন শাখা অফিস খোলা যাবে না।
- ◆ সভা নির্বাচনী এলাকার বাইরে কোন সদস্য ভর্তি করা যাবে না।
- ◆ সাধারণ সদস্যদের স্বার্থের পরিপন্থী কোন কাজ করা যাবে না।
- ◆ নিজেদের মধ্যে দ্বন্দ্ব সংঘাতে জড়িত হওয়া যাবে না।